

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫১৫

কমলপুর, ০৯ অক্টোবর, ২০২৪

বড়লুৎমায় ১১ নভেম্বর থেকে ৫ দিন ব্যাপী মহারাস মেলা

আগামী ১১ থেকে ১৫ নভেম্বর পর্যন্ত কমলপুর মহকুমার বড়লুৎমায় ৫ দিন ব্যাপী মহারাস মেলা আয়োজন করা হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, ধলাই জেলা প্রশাসন এবং বিষ্ণুপ্রিয়া মনিপুরী মহারাসলীলা গ্রয়েল ফেয়ার সোসাইটির যৌথ উদ্যোগে এই মহারাস মেলা আয়োজিত হবে। বড়লুৎমা এয়ো নাট মন্দির প্রাঙ্গনে এ উপলক্ষে গতকাল প্রস্তুতি কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুমিত্রা দাস। এছাড়া উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, বিধায়ক স্বপ্না দাস পাল, দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভানু প্রতাপ লোধি, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বীনা দাস বিশ্বাস, ধলাই জেলার জেলাশাসক সাজু বাহদি এ, এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। ৫ দিন ব্যাপী মেলাতে রাজ্যের ও বহিঃরাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। এছাড়া বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হবে।

\*\*\*\*\*